# জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠন বিধিমালা, ২০১৮

**প্রজ্ঞাপন**

তারিখঃ....................বাং/............................ইং

এস আর ও নং......................................., দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২ এর ১৩ (১) ধারায় প্রদত্ত ক্ষমতা বলে সরকার দুর্যোগপূর্ব, দুর্যোগকালীন এবং দুর্যোগপরবর্তী পরিস্থিতিতে দ্রুত ও কার্যকর জরুরি সাড়া প্রদানের উদ্দেশ্যে জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠন নামে একটি প্রতিষ্ঠান স্থাপনের লক্ষ্যে জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠনবিধিমালা, ২০১৮ প্রণয়ন
করিল, যথাঃ

**১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—** (১) এই বিধিমালা 'জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠন বিধিমালা', ২০১৮ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা কার্যকর হইবার পূর্বে অনুরূপ উদ্দেশ্য পূরণের লক্ষ্যে কোন স্বেচ্ছাসেবক সংগঠন গঠিত হইয়া থাকিলে উহা 'জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠন বিধিমালা, ২০১৮'এর অধীনে গঠিত হইয়াছে বলিয়া গণ্য হইবে। জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠন অন্য সকল স্বেচ্ছাসেবক সংগঠন এর সমন্বয়ক প্রতিষ্ঠান হিসাবে কাজ করিবে;

(৩) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**২। সংজ্ঞা।—**বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায় -

(ক)"স্বেচ্ছাসেবক" বলিতে জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠন, ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি), বাংলাদেশ স্কাউটস, বাংলাদেশ গার্লস গাইড এসোসিয়েশন, বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর, বাংলাদেশ আনসার ও ভিডিপি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, সুশীল সমাজ এবং সরকার কর্তৃক স্বীকৃত অন্যান্য স্বেচ্ছাসেবী সংগঠনের স্বেচ্ছাসেবককে বুঝাইবে;

(খ)"সদস্য" বলিতে এই বিধির অধীনে গঠিত উপদেষ্টা পরিষদ,পরিচালনা পর্ষদ এবং সুপারভিশন কমিটির সদস্যকে বুঝাইবে;

(গ) "পরিচালক" বলিতে এই বিধির অধীনে গঠিত জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠনের পরিচালক কে বুঝাইবে;

(ঘ) "সংগঠন"বলিতে এই বিধির অধীন গঠিত জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠনকে বুঝাইবে;

(ঙ) "উপদেষ্টা পরিষদ" বলিতে এই বিধিমালার ১০ (২) এর অধীনে গঠিত কমিটিকে বুঝাইবে;

(চ)"পরিচালনা পর্ষদ" বলিতে এই বিধিমালার ১০(৫) এর অধীনে গঠিত কমিটিকে বুঝাইবে;

(ছ) "সুপারভিশন কমিটি" বলিতে এই বিধিমালার ১০(৮)(ক) এর অধীনে গঠিত কমিটিকে বুঝাইবে।

**৩। জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠন ও কার্যালয়।-** জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠন একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার প্রধান কার্যালয় ঢাকায় স্থাপিত হইবে। প্রয়োজনবোধে সরকারের পূর্বানুমোদনক্রমে ঢাকার বাহিরে যেকোন স্থানে শাখা কার্যালয় স্থাপন করা যাইবে।

**৪। সংগঠনের লক্ষ্য।—**জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠনের লক্ষ্য হইবে দুর্যোগপূর্ব, দুর্যোগকলীন এবং দুর্যোগপরবর্তী পরিস্থিতিতে দুর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রমে সরকারের সহিত যোগাযোগ, সমন্বয় এবং অংশিদারিত্বের ভিত্তিতে সামগ্রিক কার্যক্রমে অংশগ্রহণ ও মানউন্নয়ন করা।

**৫। সংগঠনের উদ্দেশ্য ।—**জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠন এর উদ্দেশ্য হইবে নিম্নরূপ, যথা-

১) স্বেচ্ছাসেবকদের ভূমিকা জোরদারকরণ;
২) স্বেচ্ছাসেবকদের কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে উপযুক্ত পরিবেশ সৃষ্টি করা;
৩) স্বেচ্ছাসেবকদের দক্ষতা এবং সক্ষমতা বৃদ্ধি বিষয়ক কর্মকৌশল নির্ধারণ করা;
৪) দুর্যোগকালীন সময়ে ক্ষতিগ্রস্ত পরিবার ও সম্পদের তথ্য সংগ্রহপূর্বক সরকারকে অবহিত করা;
৫) সরকার কর্তৃক নির্দেশিত অন্যান্য কার্যক্রম।

৬।**স্বেচ্ছাসেবক সংগঠন কাঠামো।—** (১) বাংলাদেশের সকল বিভাগ, জেলা, সিটি কর্পোরেশন, উপজেলা, পৌরসভা, ইউনিয়ন এবং পৌরসভা/ইউনিয়নসমূহের প্রতিটি ওয়ার্ডে প্রয়োজনীয় সংখ্যক ইউনিটের মাধ্যমে এই সংগঠনের কার্যক্রম পরিচালিত হইবে। প্রতিটি ইউনিট ১০ জন পুরুষ এবং ০৫ জন মহিলা স্বেচ্ছাসেবক সমন্বয়ে গঠিত হইবে। প্রতিটি ইউনিট ০৫ টি গ্রুপে বিভক্ত হইয়া কার্যক্রম পরিচালনা করিবে। প্রতিটি গ্রুপে ০২ জন পুরুষ এবং ০১ জন মহিলা স্বেচ্ছাসেবক অন্তর্ভুক্ত হইবে।

(২) প্রতিটি ইউনিটে নিম্নবর্ণিত কার্যক্রম ভিত্তিক ০৫টি গ্রুপ থাকিবে, যথা:

- দুর্যোগ বার্তা প্রচার গ্রুপ;
- অনুসন্ধান ও উদ্ধার গ্রুপ;
- প্রাথমিক স্বাস্থ্য সেবা গ্রুপ;
- আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা গ্রুপ;
- ত্রাণসামগ্রী বিতরণ এবং পুনর্গঠন কার্যক্রমে সহায়তা গ্রুপ।

**৭। জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠনের কার্যাবলি।**— জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠন এর কার্যাবলি হইবে নিম্নরূপ, যথাঃ

ক) দুর্যোগকালে স্বেচ্ছাসেবকদের সম্পৃক্তকরণসহ দুর্যোগ প্রশমনে গাইডলাইন (নির্দেশিকা) প্রণয়ন করা;

খ) দুর্যোগকালীন সময়ে ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীর ও সম্পদের তথ্য সংগ্রহপূর্বক ডাটাবেইজ প্রণয়ন এবং সদস্য সংগঠনগুলোর ডাটাবেইজ ব্যবহার করিয়া একটি সক্রিয় কেন্দ্রীয় ডাটাবেইজ প্রস্তুত করা;

গ) সদস্য সংগঠনসমূহের মধ্যে সহযোগীতা ও অংশিদারিত্ব প্রতিষ্ঠায় সহায়তাকরা;

ঘ) জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠনের কার্যক্রমসমূহ গতিশীল করিবার লক্ষ্যে কর্মকৌশল প্রণয়ন এবং বাস্তবায়ন করা;

ঙ) স্বেচ্ছাসেবকদের ভূমিকাকে গুরুত্ব প্রদান করিয়া বিভিন্ন প্রকাশনা, সভা, সেমিনার, মুদ্রণ ও ইলেক্ট্রনিক মিডিয়া প্রভৃতির মাধ্যমে ব্যাপক গণসচেতনতামূলক কর্মসূচি পরিচালনা করা;

চ) স্বেচ্ছাসেবক সম্পৃক্তকারী সংগঠনসমূহের কর্মী এবং স্বেচ্ছাসেবকদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণের মাধ্যমে এমনভাবে প্রস্তুত করা হইবে যাহাতে তাহারা দক্ষতার সহিত দুর্যোগ মোকাবেলায় স্থানীয় জনগোষ্ঠীর সক্ষমতা বৃদ্ধিতে সহায়তা করিতে পারে। স্বেচ্ছাসেবকগণ নিজ গ্রুপের সদস্যদের সহিত আলোচনার মাধ্যমে দুর্যোগ ঝুঁকি চিহ্নিতকরণ, স্থানীয় ঝুঁকিপূর্ণ এলাকার ম্যাপ প্রস্তুত এবং স্থানীয় সম্পদের তালিকা প্রস্তুতসহ দুর্যোগ ঝুঁকিহ্রাসে স্থানীয় কর্মপরিকল্পনা প্রণয়ন করিবার পাশাপাশি তাহারা সেই কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য কাজ করিবে যাহাতে আপদজনিত ক্ষয়ক্ষতির পরিমাণ উল্লেযোগ্য হারে কমাইয়া আনা সম্ভব হয়;

ছ) জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ব৻সরে কমপক্ষে দুইটি মহড়া আয়োজন এবং পরিচালনা করা;

জ) দুর্যোগ ব্যবস্হাপনা ও ত্রাণ  মন্ত্রণালয়, স্বেচ্ছাসেবক সম্পৃক্তকারী প্রতিষ্ঠানসমূহ ও অন্যান্য স্টেক হোল্ডারদের ওয়েবসাইটের সহিত লিংক করা;

ঝ) স্বেচ্ছাসেবকদের স্বীকৃতি প্রদানের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সংশ্লিষ্ট স্বেচ্ছাসেবক সম্পৃক্তকারী সংগঠনের লোগোসহ  পরিচয় পত্র (আইডি কার্ড), পুরস্কার এবং সার্টিফিকেট প্রদানের ব্যবস্হা করা;

ঞ) দুর্যোগে সাড়া প্রদান কার্যক্রমে অংশগ্রহণকারী আহত স্বেচ্ছাসেবকদের চিকি৻সা সহায়তা এবং নিহত স্বেচ্ছাসেবকদের পরিবারকে আর্থিক সহায়তা প্রদান করা;

ট) জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস, জাতীয় স্বেচ্ছাসেবক দিবস, আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস  এবং আন্তর্জাতিক স্বেচ্ছাসেবক দিবসসহ সরকার কর্তৃক ঘোষিত দুর্যোগ সংশ্লিষ্ট অন্যান্য দিবস উদ্‌যাপন করা;

ঠ) সংগঠনের সকল সম্পদ যথাযথভাবে ব্যবহার এবং সংরক্ষণ করা।

**৮। সাধারণ পরিচালনা।**—জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠন বিধিমালা, ২০১৮ এর আলোকে সংগঠনটি পরিচালিত হইবে।

**৯। পোশাক।**—জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠনের স্বেচ্ছাসেবকদের নির্দিষ্ট পোশাক বা ইউনিফর্ম থাকিবে। অন্যকোন স্বেচ্ছাসেবী সংগঠনের সহিত যৌথ কার্যক্রম পরিচালনার সময় প্রত্যেক স্বেচ্ছাসেবক তাহাদের সংগঠনের নিজস্ব ইউনিফর্ম ব্যবহার করিবে।তবে যৌথ কার্যক্রম পরিচালনার সময় জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠনের লোগোসম্বলিত হ্যান্ড ব্যাজ অথবা গলাবন্ধনী অথবা ক্যাপ ব্যবহার করিবে।

**১০। সংগঠনের পরিচালনা ও ব্যবস্থাপনা কাঠামো।—**

**(১)** দুর্যোগ ব্যবস্হাপনা কার্যক্রমে অংশগ্রহণকারী সংগঠন এবং স্বেচ্ছাসেবকদের জন্য নীতি নির্ধারণ, সম্পদ সংগ্রহ এবং জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠন এর সকল কার্যাবলি সুষ্ঠুভাবে পরিচালনা ও বাস্তবায়নের জন্য একটি উপদেষ্টা পরিষদ,পরিচালনা পর্ষদ এবং সুপারভিশন কমিটি থাকিবে।

**(২) উপদেষ্টা পরিষদ।**—(ক) জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠন এর লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদানের লক্ষ্যে একটি উপদেষ্টা পরিষদ থাকিবে। উপদেষ্টা পরিষদ নিম্নরূপ সদস্যগণের সমন্বয়ে গঠিত হইবেঃ

| | |
|---|---|
| (০১) মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | উপদেষ্টা |
| (০২) মন্ত্রিপরিষদ সচিব | সদস্য |
| (০৩) মূখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |
| (০৪) সেনা, নৌ ও বিমান বাহিনীর প্রধানগণ | সদস্য |
| (০৫) সিনিয়র সচিব/সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | সদস্য |
| (০৬) সিনিয়র সচিব/সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| (০৭) সিনিয়র সচিব/সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| (০৮) সিনিয়র সচিব/সচিব, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| (০৯) মহাপুলিশ পরিদর্শক | সদস্য |
| (১০) সচিব, সড়ক ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় | সদস্য |
| (১১) সচিব, সেতু বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় | সদস্য |
| (১২) সচিব, খাদ্য মন্ত্রণালয় | সদস্য |
| (১৩) সচিব, স্বাস্থ্য, শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| (১৪) সচিব, স্বাস্থ্য ও সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| (১৫) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (১৬) সচিব, কারিগরি ও মাদ্রাসা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (১৭) সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (১৮) সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (১৯) সচিব, মৎস ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| (২০) সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয় | সদস্য |
| (২১) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| (২২) সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| (২৩) সচিব, রেলপথ মন্ত্রণালয় | সদস্য |
| (২৪) সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সদস্য |
| (২৫) পরিচালনা পর্ষদ কর্তৃক মনোনীত দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে দায়িত্ব পালন করিয়াছেন এমন একজন অবসরপ্রাপ্ত সচিব | সদস্য |
| (২৬) পরিচালনা পর্ষদ কর্তৃক মনোনীত জাতীয় পর্যায়ে দুর্যোগ বিষয়ে স্বনামধন্য একজন অধ্যাপক/এমিরিটাস প্রফেসর | সদস্য |
| (২৭) পরিচালনা পর্ষদ কর্তৃক মনোনীত দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে দায়িত্ব পালন করিয়াছেন এমন একজন অবসরপ্রাপ্ত মহাপরিচালক | সদস্য |
| (২৮) চেয়ারম্যান, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি | সদস্য |
| (২৯) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | সদস্য-সচিব |

উপদেষ্টা পরিষদ প্রয়োজন মনে করিলে ঘূর্ণিঝড় সতর্কতা, বন্যা পূর্বাভাস, ভূমিকম্প ঝুঁকিসহ দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে বিশেষজ্ঞ যেকোন ব্যক্তিকে উহার সদস্য হিসেবে কো-অপ্ট করিতে অথবা সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাইতে পারিবে।

**(৩) উপদেষ্টা পরিষদের সভা।**

প্রতি বৎসর মার্চ মাসে এবং সেপ্টেম্বর মাসে উপদেষ্টা পরিষদের দুইটি সভা অনুষ্ঠিত হবে। তবে জরুরি প্রয়োজনে যেকোন সময়ে উপদেষ্টা পরিষদের সভা আহ্বান করা যাইবে।

**(৪) উপদেষ্টা পরিষদের দায়িত্ব ও কার্যাবলি।**

জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠন এর উপদেষ্টা পরিষদের দায়িত্ব ও কার্যাবলি নিম্নরূপ হইবে, যথা:-

(১) দুর্যোগ ঝুঁকিহ্রাস ও জরুরি সাড়াদান ব্যবস্থাপনায় আর্থ-সামাজিক ও কারিগরি বিষয়ে জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠন, আন্তঃমন্ত্রণালয় সমন্বয় কমিটি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা;

(২) দুর্যোগ ঝুঁকি ও প্রশমনের সম্ভব্যতা সম্পর্কে পরিচালনা পর্ষদ এবং সুপারভিশন কমিটিকে সক্রিয় করাসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করা;

(৩) দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কিত সমস্যাসমূহ সমাধানকল্পে সহযোগীতার পরিবেশ সৃষ্টি করা;

(৪) দুর্যোগকালীন সময়ে প্রয়োজন অনুভুত হলে বিশেষ কাজের জন্য তহবিল ছাড়সহ প্রয়োজনীয় ক্ষমতায়ন বিষয়ক প্রক্রিয়া প্রবর্তণের জন্য সরকারের নিকট যথা সময়ে সুপারিশ পেশ করা;

(৫) দুর্যোগ পরবর্তী ক্ষয়ক্ষতি কাটাইয়া উঠিবার নিমিত্ত দীর্ঘ মেয়াদী পরিকল্পনার প্রস্তাব করা;

(৬) দুর্যোগ মোকাবেলায় গৃহীত কর্মসূচিসমূহের চূড়ান্ত মূল্যায়নসহ সুপারিশমালা মন্ত্রণালয়ের মাধ্যমে জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কউন্সিলে প্রেরণ করা;

**(৫) পরিচালনা পর্ষদ।**

(ক) জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠন এর লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মনিটরিং করিবার জন্য একটি পরিচালনা পর্ষদ থাকিবে। পরিচালনা পর্ষদ নিম্নরূপ সদস্য সমন্বয়ে গঠিত হইবেঃ

| | |
|---|---|
| (০১) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | সভাপতি; |
| (০২) অতিরিক্ত সচিব (দুর্যোগ ব্যবস্থাপনা), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, | সদস্য |
| (০৩) মহপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সদস্য |
| (০৪) মহাসচিব, বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি | সদস্য |
| (০৫) পরিচালক (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর | সদস্য |
| (০৬)পরিচালক(প্রশাসন), ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি | সদস্য |
| (০৭) নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস | সদস্য |
| (০৮) পরিচালক (অপারেশন), ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি | সদস্য |
| (০৯) সাধারণ সম্পাদক, বাংলাদেশ গার্লস গাইড এসোসিয়েশন | সদস্য |
| (১০) পরিচালক (প্রশিক্ষণ), বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর | সদস্য |
| (১১) উপমহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ আনসার ও ভিডিপি | সদস্য |
| (১২) পরিচালক (প্রশিক্ষণ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | সদস্য |
| (১৩) প্রতিনিধি, সশস্ত্র বাহিনী বিভাগ | সদস্য |
| (১৪) পরিচালক, জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠন | সদস্য-সচিব |

দুর্যোগ ব্যবস্থাপনার ক্ষেত্রে স্বেচ্ছাসেবী হিসাবে কাজের অভিজ্ঞতা, দক্ষতা, সুনাম ও গ্রহণযোগ্যতা রহিয়াছে এমন সর্বোচ্ছ দুইটি সংস্থা এবং দুইজন ব্যক্তিকে কো-অপ্ট করিবার ক্ষমতা পরিচালনা পর্ষদের থাকিবে। এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম হইবে।

**(৬) পরিচালনা পর্ষদের সভা।**

পরিচালনা পর্ষদ ত্রৈমাসিক ভিত্তিতে বৎসরে কমপক্ষে ৪ টি সভায় মিলিত হইবে। তবে দুর্যোগ পরিস্থিতি বিবেচনায় জরুরি সভা আহ্বান করা যাইবে।

**(৭) পরিচালনা পর্ষদ এর দায়িত্ব ও কার্যাবলি।**∑জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠন এর পরিচালনা পর্ষদের দায়িত্ব ও কার্যাবলি নিম্নরূপ হইবে, যথা:-

(১) জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠন এর সকল কার্যাবলির পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন, মনিটরিং ও মূল্যায়ন করা;

(২) দেশে স্বেচ্ছাসেবকদের সম্ভাবনা ও চাহিদা নিরূপণসহ স্বেচ্ছাসেবক সম্পৃক্তকারী সংগঠনসমূহকে পরামর্শ ও সহায়তা প্রদান করা;

(৩) সামাজিক, অর্থনৈতিক ও পরিবেশগত ঝুঁকি, বিপদাপন্নতা প্রশমনের জন্য দেশীয় এবং আন্তর্জাতিক আন্তঃসম্পর্কিত সংশ্লিষ্ট বিভিন্ন স্টেকহোল্ডারের মধ্যে সমন্বয় সাধন করা;

(৪) দুর্যোগপূর্ব প্রস্তুতি, দুর্যোগকালীন এবং দুর্যোগ পরবর্তী সময়ে স্বেচ্ছাসেবক সম্পৃক্তকারী সংগঠনসমূহকে কৌশলগত ও বাস্তবায়ন সহায়তা প্রদান করা;

(৫) সংগঠন এর সকল কার্যাবলি কার্যকরভাবে বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান করা;

(৬) দুর্যোগ পরবর্তী অনুসন্ধান, উদ্ধার, উন্নয়নমূলক কাজের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি এবং অর্থ বরাদ্দের জন্য সরকারকে সুপারিশ করা।

**(৮) সুপারভিশন কমিটি।**

(ক) জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠন এর লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী এবং পরিচালনা পর্ষদের গৃহীত পরিকল্পনা ও কার্যক্রমকে বাস্তবায়িত করিবার নিমিত্ত ওয়ার্ড পর্যায় হইতে প্রধান কার্যালয় পর্যন্ত একটি করিয়া সুপারভিশন কমিটি থাকিবে। সুপারভিশন কমিটি নিম্নোক্ত সদস্যদের সমন্বয়ে গঠিত হইবেঃ

| | |
|---|---|
| **১) ওয়ার্ড কমিটিঃ** সংশ্লিষ্ট ওয়ার্ড মেম্বার | সভাপতি |
| সংশ্লিষ্ট ওয়ার্ডের সংরক্ষিত মহিলা আসনের মেম্বার | সদস্য |
| ওয়ার্ড ইউনিটের একজন পুরুষ প্রতিনিধি | সদস্য |
| ওয়ার্ড ইউনিটের একজন মহিলা প্রতিনিধি | সদস্য |
| প্রতিটি ওয়ার্ডের সিপিপি'র ইউনিট টিম লিডার (যদি থাকে)/ সংশ্লিষ্ট স্কাউটস এর প্রতিনিধি | সদস্য-সচিব |
| **২) ইউনিয়ন কমিটিঃ** সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান | সভাপতি |
| সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সংরক্ষিত মহিলা আসনের একজন মেম্বার | সদস্য |
| ইউনিয়ন ইউনিটের একজন পুরুষ প্রতিনিধি | সদস্য |
| ইউনিয়ন ইউনিটের একজন মহিলা প্রতিনিধি | সদস্য |
| প্রতিটি ইউনিয়নের সিপিপি'র ইউনিয়ন টিম লিডার (যদি থাকে)/ সংশ্লিষ্ট স্কাউটস এর প্রতিনিধি | সদস্য-সচিব |
| **৩) পৌরসভা কমিটিঃ** সংশ্লিষ্ট পৌরসভার মেয়র | সভাপতি |
| সংশ্লিষ্ট পৌরসভার সংরক্ষিত মহিলা ওয়ার্ডের একজন কমিশনার | সদস্য |
| পৌরসভা ইউনিটের একজন পুরুষ প্রতিনিধি | সদস্য |
| পৌরসভা ইউনিটের একজন মহিলা প্রতিনিধি | সদস্য |
| প্রতিটি পৌরসভার সিপিপি'র ইউনিয়ন টিম লিডার (যদি থাকে)/ সংশ্লিষ্ট স্কাউটস এর প্রতিনিধি | সদস্য-সচিব |
| **৪) উপজেলা কমিটিঃ** উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| উপজেলার মহিলা ভাইস চেয়ারম্যান | সদস্য |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য |
| উপজেলা ইউনিটের একজন পুরুষ প্রতিনিধি | সদস্য |
| উপজেলা ইউনিটের একজন মহিলা প্রতিনিধি | সদস্য |
| উপজেলা অফিসার, (সিপিপি)/সংশ্লিষ্ট স্কাউটস এর প্রতিনিধি | সদস্য-সচিব |
| **৫) সিটি করপোরেশন কমিটিঃ** মেয়র, সিটি করপোরেশন | সভাপতি |
| প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি করপোরেশন | সদস্য |
| সংশ্লিষ্ট সিটি করপোরেশনের সংরক্ষিত মহিলা ওয়ার্ডের একজন কমিশনার | সদস্য |
| সিটি করপোরেশনের ইউনিটের একজন পুরুষ প্রতিনিধি | সদস্য |
| সিটি করপোরেশনের ইউনিটের একজন মহিলা প্রতিনিধি | সদস্য |
| উপ পরিচালক, সিপিপি | সদস্য-সচিব |
| **৬) জেলা কমিটিঃ** জেলা প্রশাসক | সভাপতি |
| প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ | সদস্য |
| জেলাধীন উপজেলা পরিষদের চেয়ারম্যানগণ | সদস্য |
| জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা | সদস্য |
| জেলা ইউনিটের একজন পুরুষ প্রতিনিধি | সদস্য |
| জেলা ইউনিটের একজন মহিলা প্রতিনিধি | সদস্য |
| উপ পরিচালক, সিপিপি | সদস্য-সচিব |
| **৭) বিভাগীয় কমিটিঃ** বিভাগীয় কমিশনার | সভাপতি |

| | |
|---|---|
| সংশ্লিষ্ট রেঞ্জ ডি আই জি | সদস্য |
| পরিচালনা পর্ষদকর্তৃক মনোনীত বিভাগীয় ইউনিটের একজন পুরুষ প্রতিনিধি | সদস্য |
| পরিচালনা পর্ষদকর্তৃক মনোনীত বিভাগীয় ইউনিটের একজন মহিলা প্রতিনিধি | সদস্য |
| উপ পরিচালক, সিপিপি | সদস্য-সচিব |

**(৯) সুপারভিশন কমিটির সভা।**

সুপারভিশন কমিটি বৎসরে কমপক্ষে ৬টি সভায় মিলিত হইবে। তবে দুর্যোগ পরিস্থিতি বিবেচনায় জরুরি সভা আহ্বান করা যাইবে।

**(১০) সুপারভিশন কমিটির দায়িত্ব ও কার্যাবলি।**

(১) দুর্যোগ পরবর্তী সময়ে স্থানীয়ভাবে ক্ষয়ক্ষতির পরিমাণ নিরূপণ করিয়া পরিচালনা পর্ষদকে অবহিত করা;
(২) সংগঠনের কার্যক্রম বাস্তবায়নে সহায়তা প্রদান করা;
(৩) চলমান স্থানীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তাবায়নে স্বেচ্ছাসেবকদের পরামর্শ ও সহায়তা প্রদান;
(৪) স্বেচ্ছাসেবকদের কার্যক্রম পর্যালোচনা ও মূল্যায়নপূর্বক পরবর্তী উর্ধ্বতন কমিটির নিকট উপস্থাপন করা;
(৫) জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠনের নির্ধারিত পোশাক পরিধান করিয়া দ্রুত সময়ের মধ্যে দুর্যোগপূর্ণ এলাকায় প্রবেশ করিয়া দায়িত্ব পালন করা।

**১১। জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠন এর লোগো।—**জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠন এর একটি লোগো Logo) থাকিবে যাহা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হইবে।

**১২। জনবল।–(১)** জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠন উহার কার্যাবলি সুষ্ঠুভাবে পরিচালনার উদ্দেশ্যে সরকার কর্তৃক অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ ও পদায়ন করিতে পারিবে এবং তাহাদের চাকুরির শর্তাবলী এই বিধিমালার অধীন প্রণীত প্রবিধানমালা দ্বারা নির্ধারিত হইবে।

(২)জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠনের পরিচালকবৃন্দ সরকার কর্তৃক প্রেষনে নিযুক্ত হইবেন।

**১৩। বাজেট।—**জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠন সরকার কর্তৃক নির্দিষ্ট সময়ের মধ্যে পরবর্তী অর্থ বৎসরের বার্ষিক বাজেট বিবরণী প্রস্তুতসহ, অনুমোদনের জন্য সরকারের নিকট পেশ করিবে।

**১৪। জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠন এর তহবিল গঠন ও পরিচালনা।—**জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠন এর একটি তহবিল থাকিবে এবং উহাতে নিম্নবর্ণিত অর্থ জমা হইবে, যথাঃ

(১) সরকার কর্তৃক প্রদত্ত থোক বরাদ্দ;
(২) স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুদান;
(৩) কোন দেশীয়, আন্তর্জাতিক এনজিও ও উন্নয়ন সহযোগী হইতে প্রাপ্ত অনুদান;
(৪) বেসরকারি ব্যক্তি এবং সংগঠন কর্তৃক প্রদত্ত অনুদান।

জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠনের তহবিল পরিচালনার নিমিত্ত তপশিলী ব্যাংকে একটি সুনির্দিষ্ট হিসাব থাকিবে যাহা পরিচালনা পর্ষদের নির্দেশনা অনুযায়ী পরিচালিত হইবে।

**১৫। স্বেচ্ছাসেবক প্রশিক্ষণ ইনস্টিটিউট।-** জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবকদের প্রশিক্ষণের জন্য একটি পূর্ণাঙ্গা ইনস্টিটিউট প্রতিষ্ঠা করতে হবে। ইনস্টিটিউটের স্থান সরকার কর্তৃক নির্ধারণ করা হবে।

**১৬। অনুদান গ্রহণের ক্ষমতা।—**জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠন উহার কার্যাবলি সম্পাদনে সরকারের পূর্বানুমতি সাপেক্ষে উন্নয়ন সহযোগীর নিকট প্রকল্প সাহায্যের প্রস্তাব দাখিল করিবে। প্রকল্প প্রস্তাবনা অনুমোদিত হইলে উন্নয়ন সহযোগীর সহিত জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠন চুক্তি স্বাক্ষরসহ সে মোতাবেক অর্থ/সেবা/কারিগরি সহায়তা গ্রহণপূর্বক কার্যক্রম বাস্তবায়ন করিতে পারিবে।

**১৭। হিসাব রক্ষণ ও নিরীক্ষা।—**(১) জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠন যথাযথভাবে উহার হিসাব সংরক্ষণ এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে;

(২) মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক প্রতি বৎসর জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠন এর হিসাব নিরীক্ষাসহ নিরীক্ষা রিপোর্টের অনুলিপি সরকার ও সংগঠনের নিকট পেশ করিবে;

(৩) উপ-ধারা (২) মোতাবেক হিসাব নিরীক্ষার উদ্দেশ্যে মহা-হিসাব নিরীক্ষক কিংবা তাঁহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতা প্রাপ্ত কোন ব্যক্তি জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠনের সকল রেকর্ড, দলিল-দস্তাবেজ, নগদ/ব্যাংকে গচ্ছিতঅর্থ, জামানত, ভান্ডার এবং অন্যান্য স্থাবর ও অস্থাবর সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠন এর কোন সদস্য বা যে কোন কর্মকর্তা/কর্মচারীকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবে এবং তাহারা রেকর্ড, দলিল-দস্তাবেজ প্রদর্শন ও দাখিল করিতে বাধ্য থাকিবে।

**১৮। প্রতিবেদন**।—(১) জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠন প্রতি বৎসর ৩০ জুলাই এর মধ্যে পূর্ববর্তী অর্থ বৎসরের সম্পাদিত কার্যাবলির খতিয়ান ও আয়-ব্যয়ের হিসাব সম্বলিত একটি প্রতিবেদন সরকারের নিকট পেশ করিবে;

(২) সরকার প্রয়োজন মত জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠনের নিকট হইতে যে কোন সময় যে কোন বিষয়ের উপর প্রতিবেদন এবং বিবরণী আহ্বান করিতে পারিবে যাহা সরবরাহ করিতে বাধ্য থাকিবে;

(৩) সরকার প্রয়োজনে যে কোন কর্মকর্তা দ্বারা কোন অনিয়ম,  আর্থিক ক্ষতি ও যে কোন প্রকার আত্মসাৎ এর বিষয়ে তদন্ত করিতে পারিবে।

## তপশিল

[প্রবিধানমালা ২(ঘ) দ্রষ্টব্য]


| ক্রমিক | পদেরনাম, সংখ্যা ও গ্রেড | সরসরি নিয়োগের জন্য বয়সসীমা | নিয়োগেরপদ্ধতি | সরসরি নিয়োগের জন্যযোগ্যতা | পদোন্নতির জন্য যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | পরিচালক সংখ্যা-০১ গ্রেড-৩য় | | প্রেষণে | মাঠ প্রশাসন ও দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন সরকারের যুগ্মসচিবদের মধ্য হইতে প্রেষণে বদলির মাধ্যমে। | |
| ২ | উপপরিচালক (প্রশাসন ওঅর্থ) সংখ্যা-০১ গ্রেড-৫ম | | প্রেষণে/পদোন্নতি | পদোন্নতির মাধ্যমে পূরণ না হওয়া পর্যন্ত মাঠ প্রশাসন ও দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে দায়িত্ব পালনে অভিজ্ঞতা সম্পন্ন সরকারের উপসচিবদের মধ্য হইতে প্রেষণে বদলির মাধ্যমে। | সহকারী পরিচালক পদে কমপক্ষে ০৮ বছর চাকরির অভিজ্ঞতা। |
| ৩ | উপপরিচালক (প্রশিক্ষণ ও তথ্য ব্যবস্হাপনা) সংখ্যা-০১ গ্রেড- ৫ম | | প্রেষণে/পদোন্নতি | পদোন্নতির মাধ্যমে পূরণ না হওয়া পর্যন্ত মাঠ প্রশাসন ও দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে দায়িত্ব পালনে অভিজ্ঞতা সম্পন্ন সরকারের উপসচিবদের মধ্য হইতে প্রেষণে বদলির মাধ্যমে। | সহকারী পরিচালক পদে কমপক্ষে ০৮ বছর চাকরির অভিজ্ঞতা। |
| ৪ | সহকারী পরিচালক (প্রশাসন) সংখ্যা-০১ গ্রেড-৯ম | সর্বোচ্চ-৩০ | সরাসরি | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দুর্যোগ ব্যবস্হাপনা ও টেকসই উন্নয়ন/দুর্যোগ বিজ্ঞান/দুর্যোগ ব্যবস্হাপনা/সম্পদও পরিবেশ ব্যবস্হাপনা/পরিবেশ বিজ্ঞান/পরিবেশ ব্যবস্হাপনা বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি। | ব্যক্তিগত কর্মকর্তা পদে ০৮ বছর দায়িত্ব পালনকারী কর্মচারীকে পদোন্নতি প্রদান করা যাইবে। |
| ৫ | সহকারী পরিচালক (হিসাব ও নিরীক্ষা) সংখ্যা-০১ গ্রেড- ৯ম | সর্বোচ্চ-৩০ | সরাসরি | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দুর্যোগ ব্যবস্হাপনা ও টেকসই উন্নয়ন/দুর্যোগ বিজ্ঞান/দুর্যোগ ব্যবস্হাপনা/সম্পদও পরিবেশ ব্যবস্হাপনা/পরিবেশ বিজ্ঞান/পরিবেশ ব্যবস্হাপনা বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি। | পদোন্নতিজনিত কারণে পদ শূন্য হইলে ব্যক্তিগত কর্মকর্তা পদে ০৮ বছর দায়িত্ব পালনকারী কর্মচারীকে পদোন্নতি প্রদান করা যাইবে। |
| ৬ | সহকারী পরিচালক (প্রশিক্ষণ) সংখ্যা-০১ গ্রেড-৯ম | সর্বোচ্চ-৩০ | সরাসরি | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দুর্যোগ ব্যবস্হাপনা ও টেকসই উন্নয়ন/দুর্যোগ বিজ্ঞান/দুর্যোগ ব্যবস্হাপনা/সম্পদ ও পরিবেশ ব্যবস্হাপনা/পরিবেশ | পদোন্নতিজনিত কারণে পদ শূন্য হইলে ব্যক্তিগত কর্মকর্তা পদে ১০ বছর দায়িত্ব পালনকারী কর্মচারীকে পদোন্নতি |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | বিজ্ঞান/পরিবেশ ব্যবস্থাপনা বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি। | প্রদান করা যাইবে। |
| ৭ | সহকারী পরিচালক (পরিকল্পনা ও আইটি) সংখ্যা-০১ গ্রেড-৯ম | সর্বোচ্চ-৩০ | সরাসরি | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দুর্যোগ ব্যবস্থাপনা ও টেকসই উন্নয়ন/দুর্যোগ বিজ্ঞান/দুর্যোগ ব্যবস্থাপনা/সম্পদ ও পরিবেশ ব্যবস্থাপনা/পরিবেশ বিজ্ঞান/পরিবেশ ব্যবস্থাপনা বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি। | |
| ৮ | প্রোগ্রামার সংখ্যা-০১ গ্রেড-৭ম | সর্বোচ্চ-৩০ | সরাসরি | যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রনিক্স এন্ড ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রী। | |
| ৯ | হিসাব রক্ষণ কর্মকর্তা সংখ্যা-০১ গ্রেড-৯ম | সর্বোচ্চ-৩০ | সরাসরি | যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিবিএ / অর্থনীতি/ একাউন্টিং/ ম্যানেজমেন্ট/ফাইন্যান্স বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক/ স্নাতকোত্তর ডিগ্রী। | পদোন্নতিজনিত কারণে পদ শূন্য হইলে অডিট সুপার পদে ১০ বছর দায়িত্ব পালনকারী কর্মচারীকে পদোন্নতি প্রদান করা যাইবে। |
| ১০ | অডিট সুপার সংখ্যা-০১ গ্রেড-১০ তম | সর্বোচ্চ-৩০ | সরাসরি | যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে স্নাতক/সমমানের ডিগ্রি। | পদোন্নতিজনিত কারণে পদ শূন্য হইলে অডিটর পদে ১০ বছর দায়িত্ব পালনকারী কর্মচারীকে পদোন্নতি প্রদান করা যাইবে। |
| ১১ | অডিটর সংখ্যা-০১ গ্রেড-১১তম | সর্বোচ্চ-৩০ | সরাসরি | যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে স্নাতক/সমমানের ডিগ্রী। | পদোন্নতিজনিত কারণে পদ শূন্য হইলে অডিট সহকারী/ভাণ্ডার সহকারী পদে ১০ বছর দায়িত্ব পালনকারী কর্মচারীকে পদোন্নতি প্রদান করা যাইবে। |
| ১২ | ব্যক্তিগত কর্মকর্তা সংখ্যা-০৩ গ্রেড-১০ তম | সর্বোচ্চ-৩০ | সরাসরি | যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে স্নাতক/সমমানের ডিগ্রী। | পদোন্নতিজনিত কারণে পদ শূন্য হইলে অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক /ভাণ্ডার সহকারী পদে ১০ বছর দায়িত্ব পালনকারী কর্মচারীকে পদোন্নতি প্রদান করা যাইবে। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৩ | প্রশাসনিক কর্মকর্তা সংখ্যা-০৩ গ্রেড-১০ তম | সর্বোচ্চ-৩০ | সরাসরি | যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে স্নাতক/সমমানের ডিগ্রী। যে কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ। | পদোন্নতি জনিত কারণে পদ শূন্য হইলে অফিস সহকারী কাম কম্পউটার মুদ্রাক্ষরিক/ভান্ডার সহকারী পদে ১০ বছর দায়িত্ব পালনকারী কর্মচারীকে পদোন্নতি প্রদান করা যাইবে। |
| ১৪ | হিসাব রক্ষক সংখ্যা-০১ গ্রেড-১২ তম | সর্বোচ্চ-৩০ | সরাসরি | যে কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ। | পদোন্নতিজনিত কারণে পদ শূন্য হইলে হিসাব সহকারী/ অডিট সহকারী পদে ১০ বছর দায়িত্ব পালনকারী কর্মচারীকে পদোন্নতি প্রদান করা যাইবে। |
| ১৫ | ভান্ডার সহকারী সংখ্যা-০১ গ্রেড-১৪ তম | সর্বোচ্চ-৩০ | সরাসরি | যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে স্নাতক/সমমানের ডিগ্রি। | পদোন্নতিজনিত কারণে পদ শূন্য হইলে অফিস সহায়ক/বার্তা বাহক পদে ১০ বছর দায়িত্ব পালনকারী কর্মচারীকে পদোন্নতি প্রদান করা যাইবে। |
| ১৬ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক সংখ্যা-০৮ গ্রেড-১৪ তম | সর্বোচ্চ-৩০ | সরাসরি | যে কোন স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক/সমমান এবং কম্পিউটার এ্যাপ্লিকেশন বিষয়ে ডিপ্লোমা পরীক্ষায় উত্তীর্ণ। | পদোন্নতিজনিত কারণে পদ শূন্য হইলে অফিস সহায়ক/বার্তা বাহক পদে ১০ বছর দায়িত্ব পালনকারী কর্মচারীকে পদোন্নতি প্রদান করা যাইবে। |
| ১৭ | অডিট সহকারী সংখ্যা-০২ গ্রেড-১৪ তম | সর্বোচ্চ-৩০ | সরাসরি | যে কোন স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ। | পদোন্নতিজনিত কারণে পদ শূন্য হইলে অফিস সহায়ক/বার্তা বাহক পদে ১০ বছর দায়িত্ব পালনকারী কর্মচারীকে পদোন্নতি প্রদান করা যাইবে। |
| ১৮ | হিসাব সহকারী সংখ্যা-০২ গ্রেড-১৫ তম | সর্বোচ্চ-৩০ | সরাসরি | যে কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ। | পদোন্নতিজনিত কারণে পদ শূন্য হইলে অফিস সহায়ক/বার্তা বাহক পদে ১০ বছর দায়িত্ব পালনকারী কর্মচারীকে পদোন্নতি প্রদান করা যাইবে। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৯ | গাড়ি চালক<br>সংখ্যা-০৫<br>গ্রেড-১৬তম | সর্বোচ্চ-৩০ | আউট সোসিং | ২০০৮ সালের অর্থ মন্ত্রণালয়ের আউট সোসিং নীতিমালা অনুযায়ী। | |
| ২০ | অফিস সহায়ক<br>সংখ্যা-১০<br>গ্রেড-২০তম | সর্বোচ্চ-৩০ | আউট সোসিং | ২০০৮ সালের অর্থ মন্ত্রণালয়ের আউট সোসিং নীতিমালা অনুযায়ী। | |
| ২১ | বার্তাবাহক<br>সংখ্যা-০২<br>গ্রেড-২০তম | সর্বোচ্চ-৩০ | আউট সোসিং | ২০০৮ সালের অর্থ মন্ত্রণালয়ের আউট সোসিং নীতিমালা অনুযায়ী। | |
| ২২ | নৈশ প্রহরী<br>সংখ্যা-০২<br>গ্রেড-২০তম | সর্বোচ্চ-৩০ | আউট সোসিং | ২০০৮ সালের অর্থ মন্ত্রণালয়ের আউট সোসিং নীতিমালা অনুযায়ী। | |
| ২৩ | পরিচ্ছন্নতা কর্মী<br>সংখ্যা-০২<br>গ্রেড-২০তম | সর্বোচ্চ-৩০ | আউট সোসিং | ২০০৮ সালের অর্থ মন্ত্রণালয়ের আউট সোসিং নীতিমালা অনুযায়ী। | |

# জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেবক সংগঠন এর অর্গানোগ্রাম (প্রস্তাবিত)



<u>জাতীয় দুর্যোগ স্বেচ্ছাসেক সংগঠন এর পদের হিসাব</u>

| ক্রমিক | পদ | গ্রেড | বেতনস্কেল | পদেরসংখ্যা | মোটপদসংখ্যা |
|---|---|---|---|---|---|
| ০১ | পরিচালক | ৫ম | ৪৩০০০-৪৪৯৪০-৪৬৯৭০-৪৯০৯০-৫১৩০০-৫৩৬১০-৫৬০৩০-৫৮৫৬০-৬১২০০-৬৩৯৬০-৬৬৮৪০-৬৯৮৫০ | ০১ | ০১ |
| ০২ | উপপরিচালক | ৬ষ্ঠ | ৩৫৫০০-৩৭২৮০-৩৯১৫০-৪১১১০-৪৩১৭০-৪৫৩৩০-৪৭৬০০-৪৯৯৮০-৫২৪৮০-৫৫১১০-৫৭৮৭০-৬০৭৭০-৬৩৮১০-৬৭০১০ | ০২ | ০২ |
| ০৩ | প্রোগ্রামার | ৭ম | ২৯০০০-৩০৪৫০-৩১৯৮০-৩৩৫৮০-৩৫২৬০-৩৭০৩০-৩৮৮৯০-৪০৮৪০-৪২৮৯০-৪৫০৪০-৪৭৩০০-৪৯৬৭০-৫২১৬০-৫৪৭৭০-৫৭৫১০-৬০৩৯০-৬৩৪১০ | ০১ | ০১ |
| ০৪ | গবেষণা কর্মকর্তা | ৯ম | ২২০০০-২৩১০০-২৪২৬০-২৫৪৮০-২৬৭৬০-২৮১০০-২৯৫১০-৩০৯৯০-৩২৫৪০-৩৪১৭০-৩৫৮৮০-৩৭৬৮০-৩৯৫৭০-৪১৫৫০-৪৩৬৩০-৪৫৮২০-৪৮১২০-৫০৫৩০-৫৩০৬০ | ০৩ | ০৩ |
| ০৫ | সহকারীপরিচালক | ৯ম | ২২০০০-২৩১০০-২৪২৬০-২৫৪৮০-২৬৭৬০-২৮১০০-২৯৫১০-৩০৯৯০-৩২৫৪০-৩৪১৭০-৩৫৮৮০-৩৭৬৮০-৩৯৫৭০-৪১৫৫০-৪৩৬৩০-৪৫৮২০-৪৮১২০-৫০৫৩০-৫৩০৬০ | ০৪ | ০৪ |
| ০৬ | হিসাবরক্ষণকর্মকর্তা | ৯ম | ২২০০০-২৩১০০-২৪২৬০-২৫৪৮০-২৬৭৬০-২৮১০০-২৯৫১০-৩০৯৯০-৩২৫৪০-৩৪১৭০-৩৫৮৮০-৩৭৬৮০-৩৯৫৭০-৪১৫৫০-৪৩৬৩০-৪৫৮২০-৪৮১২০-৫০৫৩০-৫৩০৬০ | ০১ | ০১ |
| ০৭ | ব্যক্তিগত কর্মকর্তা | ১০ম | ১৬০০০-১৬৮০০-১৭৬৪০-১৮৫৩০-১৯৪৬০-২০৪৪০-২১৪৭০-২২৫৫০-২৩৬৮০-২৪৮৭০-২৬১২০-২৭৪৩০-২৮৮১০-৩০২৬০-৩১৭৮০-৩৩৩৭০-৩৫০৪০-৩৬৮০০-৩৮৬৪০ | ০৩ | ০৩ |
| ০৮ | অডিট সুপার | ১০ ম | ১৬০০০-১৬৮০০-১৭৬৪০-১৮৫৩০-১৯৪৬০-২০৪৪০-২১৪৭০-২২৫৫০-২৩৬৮০-২৪৮৭০-২৬১২০-২৭৪৩০-২৮৮১০-৩০২৬০-৩১৭৮০-৩৩৩৭০-৩৫০৪০-৩৬৮০০-৩৮৬৪০ | ০১ | ০১ |
| ০৯ | প্রশাসনিক কর্মকর্তা | ১০ম | ১৬০০০-১৬৮০০-১৭৬৪০-১৮৫৩০-১৯৪৬০-২০৪৪০-২১৪৭০-২২৫৫০-২৩৬৮০-২৪৮৭০-২৬১২০-২৭৪৩০-২৮৮১০-৩০২৬০-৩১৭৮০-৩৩৩৭০-৩৫০৪০-৩৬৮০০-৩৮৬৪০ | ০৩ | ০৩ |
| ১০ | অডিটর | ১১ তম | ১২৫০০-১৩১৩০-১৩৭৯০-১৪৪৮০-১৫২১০-১৫৯৮০-১৬৭৮০-১৭৬২০-১৮৫১০-১৯৪৪০-২০৪২০-২১৪৫০-২২৫৩০-২৩৬৬০-২৪৮৫০-২৬১০০-২৭৪১০-২৮৭৯০-৩০২৩০ | ০১ | ০১ |
| ১১ | হিসাবরক্ষক | ১২তম | ১১৩০০-১১৮৭০-১২৪৭০-১৩১০০-১৩৭৬০-১৪৪৫০-১৫১৮০-১৫৯৪০-১৬৭৪০-১৭৫৮০-১৮৪৬০-১৯৩৯০-২০৩৬০-২১৩৮০-২২৪৫০-২৩৫৮০-২৪৭৬০-২৬০০০-২৭৩০০ | ০১ | ০১ |
| ১২ | অফিসসহকারী কাম কম্পি:মুদ্রাক্ষরিক | ১৪তম | ১০২০০-১০৭১০-১১২৫০-১১৮২০-১২৪২০-১৩০৫০-১৩৭১০-১৪৪০০-১৫১২০-১৫৮৮০-১৬৬৮০-১৭৫২০-১৮৪০০-১৯৩২০-২০২৯০-২১৩১০-২২৩৮০-২৩৫০০-২৪৬৮০ | ০৮ | ০৮ |
| ১৩ | ভান্ডার সহকারী | ১৪ তম | ১০২০০-১০৭১০-১১২৫০-১১৮২০-১২৪২০-১৩০৫০-১৩৭১০-১৪৪০০-১৫১২০-১৫৮৮০-১৬৬৮০-১৭৫২০-১৮৪০০-১৯৩২০-২০২৯০-২১৩১০-২২৩৮০-২৩৫০০-২৪৬৮০ | ০১ | ০১ |
| ১৪ | অডিট সহকারী | ১৪ তম | ১০২০০-১০৭১০-১১২৫০-১১৮২০-১২৪২০-১৩০৫০-১৩৭১০-১৪৪০০-১৫১২০-১৫৮৮০-১৬৬৮০-১৭৫২০-১৮৪০০-১৯৩২০-২০২৯০-২১৩১০-২২৩৮০-২৩৫০০-২৪৬৮০ | ০২ | ০২ |
| ১৫ | হিসাব সহকারী | ১৫তম | ৯৭০০-১০১৯০-১০৭০০-১১২৪০-১১৮১০-১২৪১০-১৩০৪০-১৩৭০০-১৪৩৯০-১৫১১০-১৫৮৭০-১৬৬৭০-১৭৫১০-১৮৩৯০-১৯৩১০-২০২৮০-২১৩০০-২২৩৭০-২৩৪৯০ | ০২ | ০২ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৬ | গাড়িচালক | ১৬তম | ৯৩০০-৯৭৭০-১০২৬০-১০৭৮০-১১৩২০-১১৮৯০-১২৪৯০-১৩১২০-১৩৭৮০-১৪৪৭০-১৫২০০-১৫৯৬০-১৬৭৬০-১৭৬০০-১৮৪৮০-১৯৪১০-২০৩৯০-২১৪১০-২২৪৯০ | ০৫ | ০৫ |
| ১৭ | অফিসসহায়ক | ২০ তম | ৮২৫০-৮৬৭০-৯১১০-৯৫৭০-১০০৫০-১০৫৬০-১১০৯০-১১৬৫০-১২২৪০-১২৮৬০-১৩৫১০-১৪১৯০-১৪৯০০-১৫৬৫০-১৬৪৪০-১৭২৭০-১৮১৪০-১৯০৫০-২০০১০ | ১০ | ১০ |
| ১৮ | বার্তা বাহক | ২০ তম | ৮২৫০-৮৬৭০-৯১১০-৯৫৭০-১০০৫০-১০৫৬০-১১০৯০-১১৬৫০-১২২৪০-১২৮৬০-১৩৫১০-১৪১৯০-১৪৯০০-১৫৬৫০-১৬৪৪০-১৭২৭০-১৮১৪০-১৯০৫০-২০০১০ | ০২ | ০২ |
| ১৯ | পরিচ্ছন্নতাকর্মী | ২০ তম | ৮২৫০-৮৬৭০-৯১১০-৯৫৭০-১০০৫০-১০৫৬০-১১০৯০-১১৬৫০-১২২৪০-১২৮৬০-১৩৫১০-১৪১৯০-১৪৯০০-১৫৬৫০-১৬৪৪০-১৭২৭০-১৮১৪০-১৯০৫০-২০০১০ | ০২ | ০২ |
| ২০ | নৈশ প্রহরী | ২০ তম | ৮২৫০-৮৬৭০-৯১১০-৯৫৭০-১০০৫০-১০৫৬০-১১০৯০-১১৬৫০-১২২৪০-১২৮৬০-১৩৫১০-১৪১৯০-১৪৯০০-১৫৬৫০-১৬৪৪০-১৭২৭০-১৮১৪০-১৯০৫০-২০০১০ | ০২ | ০২ |
| | | মোটপদ৫৬ | | | ৫৬ |

(৩) প্রশিক্ষণ: প্রশিক্ষণের মাধ্যমে স্বেচ্ছাসেবকদের এমনভাবে প্রস্তুত করা হইবে যাহাতে তাহারা দক্ষতার সহিত দুর্যোগ মোকাবেলায় স্থানীয় জনগোষ্ঠীর সক্ষমতা বৃদ্ধিতে সহায়তা করিতেপারে। স্বেচ্ছাসেবকগণ নিজ গ্রুপের সদস্যদের সহিত আলোচনার মাধ্যমে দুর্যোগ ঝুঁকি চিহ্নিতকরণ, স্থানীয় ঝুঁকিপূর্ণ এলাকার ম্যাপ প্রস্তুত এবং স্থানীয় সম্পদের তালিকা প্রস্তুতসহ দুর্যোগ ঝুঁকিহ্রাসে স্থানীয় কর্মপরিকল্পনা প্রণয়ন করিবে। পাশাপাশি তাহারা সেই কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য কাজ করিবে যাহাতে আপদজনিত ক্ষয়ক্ষতির পরিমাণ উল্লেযোগ্য হারে কমাইয়া আনা সম্ভব হয়।